

হজযাত্রী/হজ এজেন্সি/সাধারণ জনগণের জ্ঞাতার্থে জরুরি বিজ্ঞপ্তি

- ১। বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীগণ হজ সংশ্লিষ্ট আর্থিক লেনদেনের পূর্বে এজেন্সি কর্তৃক প্রদেয় সুযোগ-সুবিধার বিষয়ে ভালোভাবে অবগত হোন। www.hajj.gov.bd ওয়েবসাইটে প্রকাশিত ফরম নং-১৫ পূরণ করে চুক্তি সম্পাদন পূর্বক নিজের কাছে সংরক্ষণ করুন।
 - ২। সরকার অনুমোদিত হজ এজেন্সির সাথে সরাসরি হজ সংশ্লিষ্ট আর্থিক লেনদেন করুন।
 - ৩। বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীগণ চুক্তি মোতাবেক প্রদেয় অর্থ সরাসরি হজ এজেন্সির ব্যাংক একাউন্টে জমা দিয়ে অবশ্যই ব্যাংক থেকে প্রাক-নিবন্ধন ও নিবন্ধন সনদ সংগ্রহ ও সংরক্ষণ করবেন।
 - ৪। প্রত্যেক হজযাত্রী নিবন্ধন সনদ পাওয়ার পর সংশ্লিষ্ট এজেন্সির সাথে যোগাযোগ করে বিমানের টিকেট প্রাপ্তি নিশ্চিত করুন।
 - ৫। মধ্যস্বত্বভোগী কোন ব্যক্তি/কাফেলা/দালাল/প্রতিনিধির সাথে হজ সংশ্লিষ্ট আর্থিক লেনদেন থেকে বিরত থাকুন।
 - ৬। তথাকথিত কোন কাফেলা/গুপ লিডার/দালাল/মধ্যস্বত্বভোগী ব্যক্তির সাথে হজের লেনদেন করে প্রতারিত হলে হজযাত্রীকেই উক্ত দায় বহন করতে হবে।
 - ৭। নিবন্ধনকারী হজ এজেন্সি তাঁর নিবন্ধিত সকল হজযাত্রীকে সৌদি আরবে প্রেরণসহ যাবতীয় দায়-দায়িত্ব সরাসরি পালন করুন।
 - ৮। হজের প্রাক-নিবন্ধন এবং নিবন্ধনের সময় হজযাত্রীর নিজের মোবাইল নম্বর ব্যবহার নিশ্চিত করুন।
 - ৯। হজে গমনের যাবতীয় তথ্য হজযাত্রী প্রদত্ত নম্বরে না পেলে প্রতারিত হওয়ার সম্ভাবনা রয়েছে, তাই হট লাইনে (হট লাইন নম্বর: ০৯৬০২৬৬৬৭০৭) ফোন করুন এবং আপনার তথ্য জানুন।
 - ১০। হজযাত্রী পাসপোর্টে তাঁর জাতীয় পরিচয়পত্রের নম্বরটি সঠিকভাবে উল্লেখ রয়েছে কী না তা নিশ্চিত করুন।
 - ১১। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রচারিত “হজ প্যাকেজ” ও “প্রত্যেক হজযাত্রীর জন্য জরুরি অনুসরণীয় বিষয়সমূহ” বিষয়ক পুস্তিকাদ্বয় সংগ্রহ করে আপনার যাবতীয় করণীয় সম্পর্কে ভালোভাবে জেনে নিন।
 - ১২। হজে গমনের পূর্বে প্রত্যেক হজযাত্রী তাঁর পাসপোর্টের সাথে মক্কা এবং মদিনায় তাঁর জন্য ভাড়াকৃত বাড়ি/হোটেলের স্টিকার সংযুক্ত রয়েছে কী না তা নিশ্চিত হোন।
 - ১৩। হজে গমন বিষয়ে হালনাগাদ তথ্য পেতে নিয়মিত www.hajj.gov.bd ওয়েবসাইটটি ব্রাউজ করুন।
- হজ এজেন্সির সাথে সরাসরি হজের অর্থের লেনদেন করুন। প্রতারণার বিষয়ে সাবধান থাকুন। আপনার হজে গমন নিরাপদ ও নিশ্চিত করুন।

জরুরি প্রয়োজনে যোগাযোগ করুন:

হট লাইন নম্বর: 09602666707

ভিজিট করুন: www.hajj.gov.bd/www.mora.gov.bd

ফেইসবুক : www.facebook.com/moragovbd

জনস্বার্থে- ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।